




পত্র নং:- ০৮.০০.০০০০.০২৬.৩৯.০৪৫.১৭ (অংশ-১)-১৪৩

তারিখ:- ২৪ অগ্রহায়ণ, ১৪২৭
০৯ ডিসেম্বর, ২০২০

অফিস আদেশ

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক গত ১৩/০৯/২০২০ তারিখে আয়োজিত “উদ্ভাবন ও সেবা সহজীকরণ” কর্মশালায় বিসিএস (কর), বিসিএস (শুল্ক ও আবগারী) এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মোট ৩৫ (পঁয়ত্রিশ) জনের সমন্বয়ে ০৪ (চার) টি গ্রুপ কর্তৃক উপস্থাপিত নিম্নোক্ত ০৪ টি উদ্ভাবনী ধারণা পাইলটিং প্রকল্প হিসাবে চালু করার সিদ্ধান্ত গ্রহণ গৃহীত হয়েছে:

- ১। ‘ইনসার্ভিস ফাইল সার্ভার’ চালুকরণ।
 - ২। জাতীয় রাজস্ব বোর্ডে বিসিএস (কর) ও বিসিএস (শুল্ক ও আবগারী) ক্যাডার এর সকল কর্মকর্তাদের যাবতীয় তথ্য সম্বলিত PMIS চালু এবং নিয়মিত হালনাগাদকরণ।
 - ৩। “সঞ্চয়পত্রের ক্ষেত্রে অনলাইনে উৎসে কর কর্তন সনদপত্র প্রদান”।
 - ৪। ‘অনলাইন আয়কর রিটার্ন দাখিল’ উদ্ভাবনী ধারণাটির সাথে প্রচলিত আয়কর আইন/বিধি বিধানের সামঞ্জস্যপূর্ণতা পরীক্ষা নিরীক্ষা করে চালুকরণ।
- ২। উল্লিখিত উদ্ভাবনী ধারণাসমূহ অবিলম্বে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(কানাই লাল শীল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২০৮

বিতরণঃ

- ১। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

অনুলিপি:

- ১। ইনোভেশন অফিসার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। ইনোভেশন অফিসার, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
- ৫। অতিরিক্ত সচিব (অডিট, রিপোর্ট ও ইনোভেশন), এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।